NOVO NORDISK

রেসপন্স প্রোগ্রাম

প্রোগ্রাম সংক্রান্ত তথ্য

Novo Nordisk রেসপন্স প্রোগ্রামটি (www.nnrp.ca) কানাডায় নতুন আসা অভিবাসী এবং উদ্বাস্তুদের জন্য যাদের ওষুধ বিমার কোনও প্রাপ্তিসাধ্যতা নেই এবং যাদের নিজের Novo Nordisk-এর ইনসুলিন এবং সুচের জন্য অর্থপ্রদান করার আর্থিক সম্বল নেই।

প্রোগ্রামের বিবরণ

Novo Nordisk রেসপন্স প্রোগ্রামটি একজন রোগীর Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম বেনিফিট কার্ড সক্রিয় হওয়ার তারিখ থেকে 120 দিন পর্যন্ত তাকে নির্বাচিত Novo Nordisk-এর ইনসুলিন(গুলি) এবং সুচ প্রদান করে।

এই কর্মসূচীটির উদ্দেশ্য হল রোগীরা ব্যক্তিগত / পরিপূরক ওষুধ বিমা অর্জন করার সময় বা একটি জন ওষুধ কর্মসূচীর জন্য আবেদন করার সময় **অস্থায়ীভাবে** সহায়তা প্রদান করা।

যদি Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম সক্রিয় করার 120 দিনের মধ্যে ব্যক্তিগত/পরিপূরক বা জন ওষুধ বিমা অর্জিত হয়, তাহলে সেক্ষেত্রে Novo Nordisk রেসপন্স প্রোগ্রামের সুবিধাগুলি পরবর্তীকালে বন্ধ হয়ে যায়।

প্রোগ্রাম বেনিফিট কার্ড

Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম বেনিফিট কার্ড রোগীদেরকে তাদের স্বাস্থ্যসেবা পেশাজীবীরা প্রদান করেন।

ইনসুলিন ডেলিভারি ডিভাইসের জন্য সহায়তা

- FlexTouch® ইনজেকশন ডেমোনস্ট্রেশন ভিডিও (ইংরেজি)
- NovoPen® 4 ইনজেকশন ডেমোনস্ট্রেশন ভিডিও (ইংরেজি)
- NovoPen® Echo® ইনজেকশন ডেমোনস্ট্রেশন ভিডিও (ইংরেজি)

আরও প্রশ্ন আছে কি?

Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্যের জন্য, 1-800-465-4334 নম্বরে Novo Nordisk কাস্টমার কেয়ারের সাথে যোগাযোগ করুন।

CA24DI00046 – 10/17/2024

NOVO NORDISK

রেসপন্স প্রোগ্রাম

পণ্যের অন্তর্ভুক্তি

Tresiba®	02467860 - Tresiba® Penfill® 02467879 - Tresiba® U-100 FlexTouch® 02467887 - Tresiba® U-200 FlexTouch®
NovoRapid®	02244353 - NovoRapid® Penfill® 02245397 - NovoRapid® Vial
NovoMix®	02265435 - NovoMix® 30 Penfill®
Novolin® ge 30/70	02024217 - Novolin® ge 30/70 Vial
Novolin® ge NPH	02024225 - Novolin® ge NPH Vial
Novolin® ge Toronto	02024233 - Novolin® ge Toronto Vial
সুচ	NovoFine® 32G Tip etw x 6 mm

NOVOPEN® উপলভ্যতা

NovoPen® 4 ডিভাইসগুলি ফার্মেসিতে রোগীদের জন্য বিনা খরচে উপলভ্য আছে।

NovoPen® Echo® ডিভাইসগুলি অনুরোধের ভিত্তিতে স্বাস্থ্যসেবা পেশাজীবীর অফিসে বা স্থানীয় ডায়াবিটিস শিক্ষা কেন্দ্রে (Diabetes Education Centre) পাওয়া যেতে পারে। এছাড়াও, ফার্মাসিস্টরা সীমিত সংখ্যক NovoPen® Echo® ডিভাইসের অনুরোধ করার জন্য Novo Nordisk কাস্টমার কেয়ারের সাথে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: 1-800-465-4334।

এই কর্মসূচীতে অন্তর্ভুক্ত পণ্যগুলি Novo Nordisk Canada Inc.
-এর নিজস্ব বিবেচনার ভিত্তিতে এবং পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই পরিবর্তন সাপেক্ষে।

NOVO NORDISK

রেসপন্স প্রোগ্রাম

প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

→ বেনিফিট কার্ডটি কি একাধিক Novo Nordisk ওষুধের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে?

হ্যাঁ! Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম বেনিফিট কার্ড একটি একক আওতাভুক্ত চিকিৎসা বা আওতাভুক্ত Novo Nordisk ইনসুলিনের যে কোনো সংমিশ্রণ রিডিম করতে ব্যবহার করা যেতে পারে।

→ Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম বেনিফিট কার্ড কি একাধিকবার ব্যবহার করা যেতে পারে?

হ্যাঁ! একই Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম বেনিফিট কার্ড 120 দিন পর্যন্ত ইনসুলিন রিফিল করার জন্য ব্যবহার করা যেতে পারে। এছাড়াও, বেনিফিট কার্ডের প্রতিটি রিডিমশনের জন্য Novo Nordisk রেসপন্স প্রোগ্রামটি 1 বাক্স সুচ প্রদান করে (সর্বাধিক 4 বাক্স পর্যন্ত)।

→ Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম বেনিফিট কার্ডের মেয়াদ কি শেষ হয়ে যায়?

Novo Nordisk রেসপন্স প্রোগ্রামটি কানাডায় নতুন আসা ব্যক্তিদের অস্থায়ী ত্রাণ প্রদানের জন্য পরিকল্পনা করা হয়েছিল। প্রোগ্রামটির বেনিফিট কার্ড 120 দিন পর্যন্ত নির্বাচিত Novo Nordisk ইনসুলিন এবং সুচের উপলভ্যতা নিশ্চিত করে। সেই 120 দিনের মধ্যে, প্রোগ্রামটির প্রাপকদের ব্যক্তিগত / পরিপূরক ওষুধ বিমা ক্রয় করতে বা বিভিন্ন প্রাদেশিক এবং আঞ্চলিক জন ওষুধ প্রোগ্রামের জন্য আবেদন করতে উৎসাহিত করা হয়।

যদি Novo Nordisk রেসপন্স প্রোগ্রাম সক্রিয় করার 120 দিনের মধ্যে ব্যক্তিগত/পরিপূরক বা জন ওষুধ বিমা অর্জিত হয়, তাহলে সেক্ষেত্রে Novo Nordisk রেসপন্স প্রোগ্রামের বেনিফিটগুলি পরবর্তীকালে বন্ধ হয়ে যায়।

→ অন্তর্ভুক্ত Novo Nordisk ইনসুলিনের জন্য কোনও খরচ বা ফি আছে?

না। Novo Nordisk রেসপন্স প্রোগ্রামটিতে Novo Nordisk-এর তৈরি করা ওষুধ এবং সুচের খরচের পাশাপাশি শিল্পক্ষেত্র মানের মার্ক-আপ এবং ডিসপেন্সিং ফি আওতাভুক্ত আছে।

→ সুচগুলিও কি Novo Nordisk রেসপন্স প্রোগ্রামের অন্তর্ভুক্ত?

নির্বাচিত কিছু সুচকে এই প্রোগ্রামের অন্তর্ভুক্ত করা হয়েছে। বেনিফিট কার্ডের প্রতিটি রিডিমশনের জন্য Novo Nordisk রেসপন্স প্রোগ্রামটি 1 বাক্স সুচ প্রদান করে (সর্বাধিক 4 বাক্স পর্যন্ত)।

→ আমি বিভিন্ন প্রাদেশিক এবং আঞ্চলিক জন ওষুধ বেনিফিট প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্য কোথায় পেতে পারি?

আরও তথ্যের জন্য কানাডা সরকারের ওয়েবসাইটে থাকা প্রাদেশিক এবং আঞ্চলিক জন ওষুধ প্রোগ্রাম (Provincial and Territorial Public Drug Programs) পৃষ্ঠাটি দেখুন।